৬।১৬।৬২ শ্লোকে চিত্রকেতু মহারাজের প্রতি শ্রীসঙ্কর্ষণ দেবের উপদেশের অন্তেও—

"দৃষ্টশ্রুতাভির্মাত্রাভির্নির্ম্মুক্তঃ স্বেন তেজসা।
জ্ঞান বিজ্ঞান সংতৃপ্তো মদ্ভক্তঃ পুরুষো ভবেৎ ॥"

অর্থাৎ পুরুষ দৃষ্ট ও শ্রুত, ঐহিক ও পারলৌকিক বিষয় হইতে নির্ম্মুক্ত হইয়া, নিজ বিবেকবলে পরোক্ষ জ্ঞান ও অপরোক্ষ অনুভবে সম্যক্ তৃপ্ত হইয়া আমাতে ভক্তিসম্পন্ন হইয়া থাকে। ইতি শ্লোকার্থ। এই উপদেশেও ভগবদ্ভক্তিরই অভিধেয়ত্ব অগ্রে উদাহরণরূপে উল্লেখ করা হইবে। অসুর-বালকগণের প্রতি ভক্তচূড়ামণি শ্রীপ্রহ্লাদ মহাশয়ের অনুশাসনেও ভক্তিরই অভিধেয়ত্ব বলা হইয়াছে। বিজ্ঞজন কৌমার বয়স হইতে আরম্ভ করিয়াই এই মনুষ্যজন্মে ভাগবতধর্ম্ম সকল আচরণ করিবে। যেহেতু মনুষ্যজন্ম অতীব দুর্ল্লভ অথচ পরমার্থপ্রদ; কিন্তু সেই মনুষ্যজন্ম ক্ষণভঙ্গুর। যেমন সকল জন্মের মধ্যে মনুষ্যজন্মই শ্রেষ্ঠ, তেমনি সকল উপাস্য তত্ত্বের মধ্যে শ্রীবিষ্ণুই শ্রেষ্ঠ। অতএব শ্রেষ্ঠ মনুষ্যজন্মের শ্রীবিষ্ণুচরণকমলে শরণাগতিটিই উপযোগী। যেমন মনুষ্যজন্মটী সর্ব্বশ্রেষ্ঠ, তেমনি উপাস্যতত্ত্বটীও সর্ব্বশ্রেষ্ঠ হওয়া আবশ্যক এবং সেইসঙ্গে উপাসনাটীও সর্ব্বশ্রেষ্ঠ হওয়া প্রয়োজন। যেমন মনুষ্যজন্মের মত জন্ম নাই, তেমনি শ্রীবিষ্ণুর মত উপাস্যতত্ত্ব নাই। যেহেতু "বেবেষ্টীতি বিষ্ণু" অর্থাৎ যিনি সকল ব্যাপিয়া আছেন, তিনিই বিষ্ণু। যাহাকে উপাসনা করিলে কাহারও উপাসনাই বাদ থাকে না, সকলকেই উপাসনা করা হয়; তাঁহাকে উপাসনা করাই বিজ্ঞজনের কর্ত্তব্য। আবার যে ভক্তিসাধনটী করিলে অন্য কোন সাধন না করিয়াও সর্ব্বসাধনের ফল লাভ করিতে পারা যায়, অথচ যে ভক্তিটী ছাড়িয়া অন্য অশেষ সাধন করিলেও কোন সাধনাই নিজ নিজ ফলপ্রদানে সমর্থ হয় না, সেই ভক্তি-সাধন করাই বিজ্ঞজনের অবশ্যকর্ত্তব্য। পুনশ্চ উপাস্যে যে সকল গুণ থাকিলে উপাসক উপাসনা করিয়া সর্ব্বপ্রকার আত্মপ্রসাদ লাভ করিতে পারে, সে সমুদয় সদ্গুণরাশিতে বিভূষিত শ্রীবিষ্ণু। যেহেতুক এই শ্রীবিষ্ণুই সকল ভূতের আত্মা অর্থাৎ অন্তর্য্যামী, অতএব তিনি সকলেরই প্রিয়, অথচ সকলের হিতকারী সুহৃৎ এবং সর্ব্বসমর্থ ঈশ্বর। ইতি শ্লোকার্থ ॥ ৫৪ ॥

ইহৈব মানুষজন্মান্ ভাগবতান ধর্ম্মান্ আচরেৎ। যতঃ অর্থদমেতজ্জন্ম। দেবাদি-জন্মনি মহাবিষয়াবেশাৎ পশ্বাদিজন্মনি বিবেকাভাবাচ্চ। মানুষজন্ম প্রাপ্য চ ন বিলম্বেতেত্যাহ কৌমারে কৌমারমারভ্যেত্যর্থঃ। যতস্তদপিজন্মাধ্রুবম্ পুনর্দুর্লভঞ্চ শাস্ত্রস্য চ প্রাধান্যেন মনুষ্যমধিকৃত্য প্রবৃত্তত্বাত্তদনুবাদেনোক্তিরিয়ং তদবুদ্ধ্যাদিসাম্যেন